দৈনিক ইনকিলাব

তারিখ ... ... কলাম ... ... ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ ৪ জনের অপসারণের দাবীতে বিক্ষোভ

**গাজীপুর থেকে স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রোভাইস চ্যান্সেলর, ট্রেজারার ও রেজিস্ট্রারের অপসারণের দাবীতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সভা অব্যাহত রয়েছে। উক্ত ৪ ব্যক্তির অপসারণের দাবীতে মঙ্গলবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। জাতীয়তাবাদী পেশাজীবী পরিষদের সভাপতি মোঃ মাশেকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী পেশাজীবী পরিষদের সাধারণ সম্পাদক মোঃ শাহাবুদ্দিন, জিয়া পরিষদের আহবায়ক মোঃ আনসারুজ্জামান, সদস্য সচিব মোঃ আনিসুর রহমান, জাতীয়তাবাদী শিক্ষক ফোরাম নেতা আব্দুর রশিদ, জিয়া সৈনিক দলের আহবায়ক মোঃ জাহাঙ্গীর হোসেন প্রমুখ। বক্তাগণ অভিযোগ করে বলেছেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ভিসি কায়েস উদ্দিন, প্রোভিসি ডঃ আরআই শরীফ, ট্রেজারার শামসুজ্জামান চৌধুরী এবং রেজিস্ট্রার মঞ্জুর-ই-গোদা তরফদার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দুর্নীতি, অনিয়ম এবং স্বজনপ্রীতির ঘটনার সাথে সরাসরি জড়িত। বিগত দিনে তারা বিশ্ববিদ্যালয়টি একটি দুর্নীতির আখড়ায় পরিণত করেছে এবং মোটা অংকের টাকার বিনিময়ে নিয়মবহির্ভূতভাবে বহু লোকের চাকরি এবং কারও কারও পদোন্নতি দিয়েছে। বক্তাগণ বলেছেন, উক্ত ৪ ব্যক্তি পরস্পর যোগসাজশে বিশ্ববিদ্যালয়ে তাদেরকে সেন্টার দেয়ার উদ্দেশ্যে বহু আওয়ামী ক্যাডারকে চাকরি দিয়েছে। চাকরি দেয়া না দেয়ার বিষয়ে গত শনিবার বিশ্ববিদ্যালয়ের ভিসির কক্ষে এক অপ্রীতিকর ঘটনা ঘটে যাওয়ার কথা উল্লেখ করে নেতৃবৃন্দ বলেন, চাকরি দেয়ার নামে রেজিস্ট্রার কর্তৃক আদায়কৃত ২০ হাজার টাকা এক ব্যক্তির কাছ থেকে প্রার্থী ফেরত চেয়েছেন। নেতৃবৃন্দ বলেছেন, উক্ত ব্যক্তিরা বিশ্ববিদ্যালয়কে ধ্বংসের দিকে ঠেলে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্বার্থে তাদের অপসারণ করা প্রয়োজন। বিশ্ববিদ্যালয় থেকে তাদেরকে অবিলম্বে অপসারণ করা না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে বলে নেতৃবৃন্দ ঘোষণা দিয়েছেন।